

স্মারক নং-হাবিপ্রবি/একা/ভর্তি/ ৪৩১১

তারিখ : ১৩/০১/২০২২ খ্রী:

প্রথম বর্ষ স্নাতক শ্রেণিতে ভর্তির জন্য GST গুচ্ছভুক্ত B এবং C ইউনিটের অপেক্ষমান তালিকায় থাকা প্রার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২১ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ের লেভেল ১, সেমিস্টার-I এ অপেক্ষমান তালিকা হতে GST গুচ্ছভুক্ত **B (মানবিক)** এবং **C (বাণিজ্য)** ইউনিট এর রিপোর্টিং এবং ভর্তি আগামী ১৬/০১/২০২২ খ্রি: তারিখ অনুষ্ঠিত হবে। বিগত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে প্রকাশিত **B (মানবিক)** এবং **C (বাণিজ্য)** ইউনিট এর নিম্নের তালিকায় থাকা প্রার্থীদেরকে সকাল ৯.৩০ থেকে দুপুর ১২.০০ টার মধ্যে ড. এম. এ. ওয়াজেদ মিয়া ভবন এর নির্ধারিত বুথ (বুথ নং ১-৮) এ উপস্থিত হয়ে রিপোর্ট করতে বলা হলো। উল্লেখ্য যে দুপুর ১২.০০ টার পর কোন প্রার্থীকে রিপোর্ট করার সুযোগ দেয়া হবে না। যে সকল প্রার্থী দুপুর ১২.০০ টার মধ্যে রিপোর্ট সম্পন্ন করবে কেবলমাত্র তাদের মধ্যে থেকেই মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী ভর্তির বিষয়সহ নির্বাচিত প্রার্থীর তালিকা দুপুর ২.০০ টায় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং দুপুর ২.৩০ থেকে ভর্তি কার্যক্রম শুরু হবে।

ভর্তির ইউনিট	অপেক্ষমান তালিকার গ্রুপ	অপেক্ষমান তালিকার মেধা ক্রম	অপেক্ষমান তালিকার মুক্তিযোদ্ধা কোটা	অপেক্ষমান তালিকার উপজাতি কোটা
B (মানবিক)	Arts Group	১-২৪৬	১-১৮	-
	Science & Commerce Group	১-২৩১	১-২৪	১-৯
C (বাণিজ্য)	Commerce Group	১-২৮৮	১-১২	১-৬
	Science and Arts Group	১-১২৯		


রিপোর্টিং এর জন্য আগত প্রার্থীদেরকে নিম্নোক্ত ডকুমেন্ট ও নির্ধারিত ভর্তি ফি সহ উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

প্রয়োজনীয় সার্টিফিকেট ও মার্কশীটের তালিকা (সাধারণ ও কোটা উভয়ের জন্য প্রযোজ্য)

- ১। এস.এস.সি ও এইচ.এস.সি.পাশের মূল সার্টিফিকেট ও মার্কশীট।
- ২। সর্বশেষ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।
- ৩। পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ৮ কপি, স্ট্যাম্প সাইজের ছবি ২ কপি (ছবি অবশ্যই ল্যাব থেকে প্রিন্ট করতে হবে)।
- ৪। ভর্তি ফি: সর্বমোট ১৫৮৭৫/- (পনেরো হাজার আটশত পঁচাত্তর) টাকা (এককালীন ভর্তি ফি, সেমিস্টার-I এর সাধারণ ফি, অনুষদীয় ফি, ছাত্র কল্যাণ ফি, হল এটাচমেন্ট ফি ও স্বাস্থ্যবীমা ফি)।

কোটার ক্ষেত্রে প্রমাণপত্র সংক্রান্ত নির্দেশাবলী

কোটা হতে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির সময় মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমানাদি সহ প্রযোজ্য ক্ষেত্রে আত্মীয়তার প্রমাণপত্রের মূলকপি, আদিবাসী ও উপজাতি শিক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/রাজা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূলকপি, খেলোয়াড় কোটার ক্ষেত্রে বিকেএসপি থেকে প্রাপ্ত সনদপত্রের মূলকপি এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের মূলকপি জমা দিতে হবে।


১৩-০১-২০২২

রেজিস্ট্রার (অ:দা:) ও সচিব, ভর্তি কমিটি-২০২১
হাবিপ্রবি, দিনাজপুর